



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/সাজেদা ফাউন্ডেশন/MOU/২০২০/৫৮৭

তারিখঃ ০৪/০৫/২০২০ ইং

বরাবর

সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃঃ আঃ অতিরিক্ত সচিব (হাসপাতাল)।

বিষয়ঃ করোনা (কোভিড-১৯) কালীন সময়ে স্বাস্থ্য সেবা পরিচালনায় সরকার হতে আর্থিক ও বিশেষজ্ঞ চিকিৎসকের সহযোগীতা প্রসংগে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা সংকট মোকাবেলায় বেসরকারী পর্যায় সাজেদা ফাউন্ডেশন সর্বপ্রথম এগিয়ে আসে এবং ২১শে মার্চ-২০২০ তারিখে স্বাস্থ্য অধিদপ্তরের সাথে ০৬ মাস মেয়াদে একটি MOU স্বাক্ষর করণ পূর্বক গত ০১ মাস যাবৎ সাফল্যের সাথে সাজেদা হাসপাতাল, শিমরাইল, সিদ্দিরগঞ্জ, নারায়নগঞ্জ কোভিড রোগীদের চিকিৎসা প্রদান করে আসছে। ভেন্টিলেটর সুবিধাসহ চার শয্যার ০১টি ICU স্থাপন করতে তাদের প্রায় ১ কোটি ৩০ লক্ষ টাকা খরচ হয়েছে। তাছাড়া তাহাদের বিভিন্ন খাত ওয়ারী বিভাজনসহ মাসিক ১,৪১,৫৬,২৩০/- (এক কোটি একচল্লিশ লক্ষ ছাপান্ন হাজার দুইশত ত্রিশ) টাকা খরচ হচ্ছে বলে উল্লেখ করেন।

কিন্তু তাদের পক্ষে মাসের পর মাস এভাবে ব্যয়ভার বহন করা অতীব কষ্টকর হয়ে পড়ছে বিধায় সর্বোচ্চ আরো এক মাসের বেশী প্রতিষ্ঠানের কার্যক্রম চালানো সম্ভব হবে না বলে উল্লেখ করেন। এমতাবস্থায় সরকার কর্তৃক উক্ত ব্যয়ভার বহনের আবেদন জানানো হয় (কপি সংযুক্ত)। তাছাড়া কিছু বিশেষজ্ঞ ডাক্তারের ও অভাব তাদের রয়েছে বিশেষ করে নুন্যতম ০১ জন করে মেডিসিন বিশেষজ্ঞ, রেসপিরেটরী মেডিসিন বিশেষজ্ঞ, নেফ্রলজিস্ট ও ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন বিশেষজ্ঞ সেখানে পদায়ন/সংযুক্তির আবেদন করেছেন।

এমতাবস্থায় সাজেদা ফাউন্ডেশন হাসপাতাল এর MOU সংশোধন শিমরাইল, সিদ্দিরগঞ্জ, নারায়নগঞ্জ এর প্রস্তাবনা অনুমোদন ও বিশেষজ্ঞ চিকিৎসক পদায়নের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ইহাতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন আছে।

সংযুক্তঃ বর্ণনামতে।

Cec. Hasan 08/05/2020

(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক(হাসপাতাল ও ক্লিনিক সমূহ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

ফোন নং-০২-৫৫০৬৭১৫০, ফ্যাক্সঃ ০২-৫৫০৬৭১৫১

Email: directorhospital@ld.dghs.gov.bd

স্মারক নং-স্বাঃ অধিঃ/হাসঃ/সাজেদা ফাউন্ডেশন/MOU/২০২০/৫৮৭/১(২)

তারিখঃ ০৪/০৫/২০২০ ইং

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃঃ আঃ সহকারী পরিচালক(সমস্বয়)।

২। প্রধান নির্বাহী কর্মকর্তা, সাজেদা ফাউন্ডেশন, অটোবি সেন্টার, লেভেল-৫, গুলশান সাউথ এভিনিউ, গুলশান, ঢাকা।

(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক(হাসপাতাল ও ক্লিনিক সমূহ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

তারিখ: ২৬ এপ্রিল, ২০২০

বরাবর
মহাপরিচালক,
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা

দৃষ্টি আকর্ষণ: পরিচালক, হাসপাতাল ও ক্লিনিকসমূহ

বিষয়: করোনা (কভিড-১৯) কালীন সময়ে স্বাস্থ্যসেবা পরিচালনায় সরকার হতে আর্থিক ও বিশেষজ্ঞ চিকিৎসকের সহযোগিতা কামনা

প্রিয় মহোদয়,

আপনাদের সদাশয় অবগতির জন্য জানাচ্ছি যে, সাজেদা ফাউন্ডেশন একটি অলাভজনক প্রতিষ্ঠান, যা বিগত ২৫ বছরেরও বেশী সময় ধরে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন ও আর্ন্ত-মানবতার সেবায় নিয়োজিত রয়েছে। দেশের যে কোনো দুর্ঘোপকালীন সময়ে সংস্থাটি তার সামর্থ্য অনুযায়ী মানুষের পাশে দাঁড়িয়েছে ও তাদের অবস্থা উন্নয়নের জন্য সর্বাত্মক চেষ্টা করেছে। মার্চ ২০২০ সময়ে দেশে করোনা ভাইরাস-এর প্রাদুর্ভাব শুরু হলে এর সম্ভাব্য ভয়াবহ প্রভাব বিবেচনা করে সাজেদা ফাউন্ডেশন করোনা রোগীদের সেবার জন্য গত ২১ মার্চ, ২০২০ তারিখে বাংলাদেশ সরকারের স্বাস্থ্য অধিদপ্তরের সাথে একটি চুক্তি সম্পাদন করে। এ প্রক্রিয়ার মাধ্যমে সাজেদা ফাউন্ডেশন নারায়ণগঞ্জে অবস্থিত ৫০ শয্যার সাজেদা হাসপাতালটি আইসোলেশন সেন্টার ও করোনা ভাইরাস আক্রান্ত রোগীদের চিকিৎসা পরিষেবা প্রদান করার জন্য নতুন করে প্রস্তুত করে এবং যথারীতি গত ১ মাস যাবত করোনা রোগীদের সেবা প্রদান করে আসছে। নারায়ণগঞ্জের সব স্তরের প্রশাসন এ বিষয়ে সহযোগিতা প্রদান করেছে। মূলত এ দুর্ঘোপে সরকার ও মানুষের পাশে থাকার জন্য সাজেদা ফাউন্ডেশন এ সাহসী উদ্যোগ গ্রহণ করেছে। বলার অপেক্ষা রাখে না পুরো প্রক্রিয়াটি একটি ব্যয়বহুল উদ্যোগ।

করোনা রোগীদের জন্য বিশেষভাবে প্রয়োজন ভেন্টিলেশন সুবিধাসহ সাজেদা নারায়ণগঞ্জ হাসপাতালটি করোনা হাসপাতাল হিসাবে রূপান্তর করতে আমাদের ব্যয় হয়েছে প্রায় ১ কোটি ৩০ লক্ষ টাকা। বর্তমানে সাজেদা নারায়ণগঞ্জ হাসপাতালে ডাক্তার, নার্স, ল্যাব-টেকনেশিয়ান, প্যারামেডিক, ব্যবস্থাপনা কর্মী, পীরচন্দ্র কর্মীসহ ৮০ জন বিভিন্ন স্তরের কর্মী রয়েছে।

এখানে উল্লেখ্য যে, সরকারের সাথে চুক্তি অনুযায়ী হাসপাতালে ভর্তি রোগীদের (জেনারেল, আইসিইউ, ডায়ালাইসিস) চিকিৎসা সহায়তা প্রদানের জন্য সরকার কর্তৃক বিশেষজ্ঞ চিকিৎসক সহায়তা প্রদান করার কথা যা আমরা আজও পাইনি। এজন্য আমাদেরকে বাইরের বিশেষজ্ঞ চিকিৎসকদের সহায়তা নিতে গিয়ে অনেক অর্থ ব্যয় করতে হচ্ছে। এমতাবস্থায়, সরকারের পক্ষ থেকে বিশেষজ্ঞ চিকিৎসক অত্র হাসপাতালে সংযুক্ত করা হলে সেবার মান আরো বৃদ্ধি পাবে এবং এবাবদ খরচও কমানো সম্ভব হবে। অতএব, অত্র হাসপাতালের রোগীদের সশ্রয়ী খরচে উন্নত চিকিৎসা সেবা প্রদানের জন্য আমরা নিম্নে বর্ণিত বিশেষজ্ঞ চিকিৎসক সহায়তা প্রদান করার জন্য আপনার প্রতি বিশেষভাবে অনুরোধ করছি।

১. মেডিসিন বিশেষজ্ঞ
২. রেসপিরেটরি মেডিসিন বিশেষজ্ঞ
৩. নেফ্রোলজিস্ট
৪. ক্রিটিক্যাল মেডিসিন বিশেষজ্ঞ

বর্তমান সামাজিক ভীতিকর পরিস্থিতিতে করোনায় মত একটি মারাত্মক সংক্রামক ব্যাধি বিষয়ে পরিষেবা দিতে গিয়ে সব স্তরের কর্মীদের স্বাভাবিক সময়ের তুলনায় উচ্চ হারে বেতন ভাতা দিতে হচ্ছে। বেতন-ভাতা ছাড়াও তাদের উচ্চ হারে প্রণোদনা ভাতা, বীমাসুবিধা, যানবাহন ও অন্যান্য সুবিধা প্রদান করতে হচ্ছে।

[Handwritten signature]



এসব সেবা দিতে গিয়ে সাজেদা নারায়ণগঞ্জ হাসপাতালের প্রতি দিনের ব্যয় গড়ে প্রায় ৫,০০,০০০ টাকা এবং মাসিক ব্যয় প্রায় ১,৫০,০০,০০০ (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা। গত ৩৫ দিন যাবত (২১ মার্চ হতে) আমরা এ ব্যয়ভার বহন করে আসছি। প্রতিমাসে আউটসোর্স করা কর্মীদের খরচ যুক্ত করলে এ ব্যয় আরো বাড়বে।

এ ছাড়াও হাসপাতাল পরিচালনার সামগ্রিক খরচের বিবরণ আপনাদের সদয় বিবেচনার জন্য এ আবেদনের সাথে যুক্ত করা হয়েছে।

উল্লেখ্য যে, সাজেদা নারায়ণগঞ্জ হাসপাতালটি করোনা পরিষেবা প্রদানের ক্ষেত্রে একটি চমৎকার মডেল। গত এক মাসেরও অধিক সময় ধরে এটি খুব সাফল্যের সাথে করোনা রোগীদের সেবা দিয়ে যাচ্ছে। এখানে সেবা পাওয়া রোগীদের সন্তুষ্টির মাত্রা ও আরোগ্যের হার বিবেচনায় নিলে ভবিষ্যতে এটি সরকারের জন্য একটি সফল মডেলের দৃষ্টান্ত হতে পারে। এ পর্যন্ত এ হাসপাতালে ৫৬ জন করোনা রোগী (সন্দেহজনক ৭জন সহ) চিকিৎসা সেবা গ্রহণ করেছেন। ইতোমধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ১৯ জন।

সাজেদা ফাউন্ডেশন নিতান্তই একটি মাঝারি বাজেটের সংস্থা। সর্বোপরি বর্তমান ব্যয় বাজেট আমাদের বার্ষিক পরিচালনা বাজেটে বিশাল প্রভাব ফেলবে এবং সেটার ব্যবস্থাপনা আমাদের জন্য সীমাহীন কষ্টকর হবে।

পরবর্তী সময়ে এ পরিমাণ বাজেট বহণ করা আমাদের ক্ষমতা ও সাধ্যের অতীত। করোনা বিষয়ক পরিষেবা আরো কতদিন অব্যাহত রাখতে হবে সে বিষয়ে আমরা সবাই অনিশ্চিত।

এ অবস্থায় করোনা পরিষেবা অব্যাহত রাখতে আমরা সরকারের আশু সহযোগিতা কামনা করি। তাই ইতোমধ্যে ব্যয় করা খরচের পুনর্ভরণসহ (রিইমবার্স) ভবিষ্যতের সম্ভাব্য ব্যয় সরকার বহন করলে আমাদের পক্ষে করোনা রোগীদের সেবা অব্যাহত রাখা সম্ভব হবে। অন্যথায় আমাদের ইচ্ছা সত্ত্বেও আর্থিক সীমাবদ্ধতার কারণে এ মহৎ উদ্যোগের সমাপ্তি টানতে হবে। আপনাদের সহযোগিতা না পেলে সর্বোচ্চ ১ মাস হয়তো আমরা এ সেবা পরিচালনা করতে সক্ষম হবো।

অতএব, মহোদয়, সার্বিক পরিস্থিতি বিবেচনা করে করোনা রোগী তথা এ দেশের মানুষের পাশে থাকার দিক বিবেচনা করে ইতোপূর্বে ব্যয় করা খরচের পুনর্ভরণসহ ভবিষ্যতে এ সেবা অব্যাহত রাখতে আমরা সরকার হতে আর্থিক সহযোগিতা কামনা করি। আপনাদের সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

বিনীত,



জাহেদা ফিজ্জা কবীর
প্রধান নির্বাহী কর্মকর্তা
সাজেদা ফাউন্ডেশন

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২. অতিরিক্ত সচিব, হাসপাতাল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

সংযুক্তিঃ

১. সাজেদা হাসপাতাল নারায়ণগঞ্জ কভিড-১৯ আইসোলেশন সেন্টার-এর কর্মী তালিকা
২. স্বাস্থ্য অধিদপ্তর ও সাজেদা ফাউন্ডেশনের মধ্যে স্বাক্ষরিত চুক্তি
৩. সাজেদা হাসপাতাল নারায়ণগঞ্জ কভিড-১৯ আইসোলেশন সেন্টার'র ব্যয় বাজেট (মার্চ-এপ্রিল ২০২০)



প্রতি মাসের খরচের বাজেট

করোনা রোগীদের সেবা দিতে গিয়ে আমরা প্রধান প্রধান যে যে খাতে ব্যয় করেছি তার একটি বাজেট আপনাদের বিবেচনা ও অর্থায়নের জন্য নিচে উপস্থাপিত হলো -

১. বেতন/ভাতা	৫৬৯৭,০০০ টাকা
২. ভাড়া ও উপযোগ	৪৫৬,০০০ টাকা
৩. মেডিকেল সাপ্লাই এন্ড একসেসরিজ	৫০,০০০ টাকা
৪. ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী (পিপিই)	৫৪৬৭,৫০০ টাকা
৫. করোনা আক্রান্ত রোগীদের ঔষধ ও খাদ্য	৮০০,০০০ টাকা
৬. রিপেয়ার এন্ড মেইটেন্যান্স	১১৫,০০০ টাকা
৭. ফ্যুয়েল এন্ড লুব্রিকেন্ট	৩৩০,০০০ টাকা
৮. অন্যান্য	১২৪০,৭৩০ টাকা
মোট:	১৪,১৫৬,২৩০ টাকা





SAJIDA Hospital, Narayangonj Covid-19 Isolation Centre

List of Staff

SL	Full Name	Designation
1	Dr. Md. Tariqul Islam	Director
2	Dr. Yusa Ibna Nakib	Clinical In-Charge
3	Dr. Tanujit Banik	Medical Officer
4	Dr. Rubel Ahmed	Medical Officer
5	Dr. Ali Hossain	Medical Officer
6	Dr. Noshin Anjum	MO-ICU In-charge
7	Dr. Md. Ariful Islam	Medical Officer-ICU
8	Dr. Fariha Tasnim Peuly	Medical Officer-ICU
9	Dr. Habiba Akter	Medical Officer-ICU
10	Dr. Shahabuddin Ahmed	Medical Officer-ICU
11	Dr. Sabbir Hossen	Medical Officer-ICU
12	S.M. Ali Hossan	Internal Controller
13	Muhammad Ubaydullah	Manager
14	M.M Khan E Jahan Khan	Deputy Manager
15	Md. Serajul Islam	Sr. Asst Coordinator-A/C & HR
16	Md. Aminul Islam Sohag	Sr. Executive- IT
17	Firoza Khatun	Nursing Supervisor
18	Most Rehana Akter	Sr. Staff Nurse
19	Nurunnahar Khatun	Sr. Staff Nurse
20	Nargis Khatun	Sr. Staff Nurse
21	Sudeb Kumar Sikder	Sr. Staff Nurse-ICU
22	Md. Mehedi Hasan	Sr. Staff Nurse-ICU
23	Mst. Marufa Yeasmin	Sr. Staff Nurse-ICU
24	Rahima Khatun	Paramedic-ICU
25	Tahera Akter Mitu	Paramedic
26	Roksana Bagum	Paramedic
27	Md. Aowlad Hossain	Paramedic
28	Namita Roy	Paramedic
29	Abdur Rakib	Paramedic
30	Tanzina Akter	Paramedic
31	Mahmuda Akter	Paramedic
32	Md. Jahidul Islam	Medical Technologist- Lab
33	Md. Mijanor Rahman	Lab Technologist
34	Priyanka Rani Das	Technician - Lab
35	Md. Shahinul Haque	Medical Technologist- X-ray
36	Md. Anamul Haque	Care Assistant (Outdoor)
37	Md. Nazmul Hasan	Care Assistant (Outdoor)
38	Ruma Akter	Care Assistant (ICU)
39	Parvin Akter	Care Assistant (Indoor)
40	Mrs. Hasnara Begum	Care Assistant (Indoor)
41	Roksana Akhter	Care Assistant (Indoor)
42	Manik Miah	Care Assistant (Indoor)
43	Sajeda Akter Shathi	Care Assistant (Indoor)
44	Md. Al-Amin Dewan	Sr. Care Assistant (Pharmacy)
45	Md. Hiron khan	Sr. Care Assistant (Pharmacy)
46	Md. Sahalom	Care Assistant (Laundry)
47	Md. Al Amin	Care Assistant (Laundry)

Total staff as per position

Position	General
MO	10
Nurse	7
Paramedic	8
Med Tech (Lab/X-ray)	4
Aya/Wardboy	8
Support staff	9
Admin/AC/IT	5
Driver	3
Security	6
Cleaner	15
Director	1
Total	76



SL	Full Name	Designation
48	Mst. Shahinur Begum	Care Assistant (Canteen)
49	Kabita	Care Assistant (Canteen)
50	Mamunur Rashid Sumon	Care Assistant (Canteen)
51	Md. Abdulla Al Rafid	Care Assistant
52	Md. Azizul Haque	Sr. Care Assistant
53	Ajharul Islam	Driver
54	MD. Olil Shikdar	Driver
55	Md. Mainul Islam	Driver
56	Abdul Baten	Security guard
57	Md. Basir Ahmed	Security guard
58	Abdul Halim	Security guard
59	Md. Jalal Haowlader	Security guard
60	Md. Yead Ali	Security guard
61	Harilal Das	Security guard
62	Md Shain Mia	Supervisor, House keeping
63	Rehana Akter	House keeper
64	Parvin	House keeper
65	Rina Begum	House keeper
66	Ruma Akter	House keeper
67	Sonia Akter Mazeda	House keeper
68	MST. Jui Begum	House keeper
69	Majeda Akter Bithi	House keeper
70	Mst. Jobeda Akter Sumi	House keeper
71	Mafia	House keeper
72	Semika Akter Rina	House keeper
73	Mst. Fatema Begum	House keeper
74	Jahanara	House keeper
75	MST. Taslima Begum	House keeper
76	Rozi Begum	House keeper

